দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 30 OCT 1988
পৃষ্ঠা 5 কলাম 7



# জনমত

## ধর্মীয় শিক্ষকদের বেতন

বহু আবেদন নিবেদন সত্ত্বেও সরকারী হাই স্কুলের কামিল পাস শিক্ষকদের বেতন বৈষম্য দীর্ঘদিন থেকে অব্যাহত আছে। এ ব্যাপারে পত্রিকায় প্রকাশিত অসংখ্য তথ্য-বহুল প্রতিবেদন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণে ব্যর্থ হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং শা ৫/৩ পি-২/৮৪/৫৮৩ শিক্ষা তাং ১৬-৮-৮৪ ইং, স্মারক নং শা ৫/৩ পি-২/৮৪/৪৪ শিক্ষা তাং ১১-১-৮৬ ইং স্মারক নং শা ৫/৬ টি ২/৪৫/১৬৮ শিক্ষা তাং ৬-৩-৮৬ ইং এবং এমএল কমিটির রিপোর্ট অনুসারে কামিল পাস শিক্ষকগণকে স্নাতক ডিগ্রীধারী বিএড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের সমমর্যাদা ও বেতন স্কেল প্রদান করা হয়েছে। কিন্তু এ আদেশ দীর্ঘ ৪/৫ বছরেও কার্যকরী হয়নি। কেন হয়নি তার কারণ আমরা জানি না। সবচেয়ে দুঃখের ব্যাপার হলো, বর্তমান সরকার কর্তৃক জাতীয়করণকৃত সকল কামিল পাস শিক্ষক স্নাতক বিএড ডিগ্রীধারী শিক্ষকদের সমমর্যাদা ও সমান বেতন স্কেল ১০৫০—২৭৫০ টাকা পেয়ে আসছেন। অথচ যারা উক্ত আদেশের পূর্ব থেকেই কর্মরত আছেন তাদের বেতন স্কেল হলো ৭৫০—১৫৫০/- টাকা। ফলে একই পদ ও শিক্ষাগত যোগ্যতা এবং ১০/১২ বছরের সিনিয়র হওয়া সত্ত্বেও নতুন শিক্ষকদের তুলনায় তারা অনেক কম বেতন পাচ্ছেন। এই সঙ্গে প্রতি বছর বোনাস ও শ্রান্তি বিনোদনের বিপুল অংকের আর্থিক সুবিধা থেকেও তারা বঞ্চিত হয়ে চলেছেন।

এই পীড়াদায়ক বেতন বৈষম্য দূরীকরণের আকুল আবেদন এ যাবৎ অরণ্যে রোদন বলেই প্রমাণিত হয়েছে। বর্তমান শিক্ষামন্ত্রী ও সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের কাছে এ ব্যাপারে আমরা ইনসাফ প্রার্থনা করছি।

—আফতাবউদ্দিন,
তরগাঁও কাপাসিয়া, গাজীপুর।